# পারিবারিক হিসাব ও আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের হিসাব

**ইউনিট 13**


**এই ইউনিটের পাঠসমূহ**

পাঠ-১৩.১ ঃ পারিবারিক হিসাবের ধারণা, বৈশিষ্ট্য ও প্রয়োজনীয়তা।
পাঠ-১৩.২ ঃ পারিবারিক বাজেট প্রস্তুত প্রণালী এবং নমুনা।
পাঠ-১৩.৩ ঃ পারিবারিক আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ধাপসমূহ।
পাঠ-১৩.৪ ঃ প্রাপ্তি-প্রদান হিসাব হতে আয়-ব্যয় বিবরণী ও আর্থিক বিবরণী প্রস্তুতকরণ।
পাঠ-১৩.৫ ঃ আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগ।


## ভূমিকা

পরিবার হচ্ছে একটি সমাজের প্রাথমিক কেন্দ্রবিন্দু এবং অমুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান। অন্যান্য প্রতিষ্ঠানের মত পরিবারের অসংখ্য লেনদেন সংঘটিত হয়। প্রতিনিয়ত আয় ও ব্যয় ঘটে। আয়ের অনুপাতে ব্যয়ের নিয়ন্ত্রণ না করতে পারলে আর্থিক অসচ্ছলতা সৃষ্টি হয়। সুতরাং আয় ও ব্যয়ের পরিমাণ জানা এবং আয়ের তুলনায় ব্যয়ের পরিমাণ সীমিত রাখার প্রয়োজন হয় সব পরিবারেই। সুষ্ঠুভাবে পরিবার পরিচালনা করতে হলে পারিবারিক হিসাব নিকাশের প্রয়োজন হয়।

সুদৃঢ় পারিবারিক বন্ধনের উপর পারিবারিক সুখ খুঁজে পাওয়া যায়। এই সুখের জন্য প্রতিটি মানুষ প্রতিনিয়তই চেষ্টা করে যাচ্ছে। কিভাবে সংসারে উন্নতি, স্বচ্ছলতা ও শান্তি বয়ে আনা যায়। এইগুলো অর্জনে প্রধান শর্ত হল পরিবার সুষ্ঠুভাবে পরিচালনা করা। এই পরিচালনা করার জন্য পরিকল্পনার পাশাপাশি সঠিক হিসাব ব্যবস্থা করা একান্ত জরুরী। সঠিক পরিকল্পনার পাশাপাশি আয়-ব্যয়ের পরিকল্পনা না থাকলে একটি পরিবারে কখনোই সুশৃঙ্খলা বয়ে আনতে পারে না। তাই প্রতিটি পরিবারে আয় ও ব্যয় হিসাব সংরক্ষণ করা খুবই প্রয়োজন।

| | |
|---|---|
| ইউনিট সমাপ্তির সময় | **ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ** |

## পাঠ-১৩.১ পারিবারিক হিসাবের ধারণা, বৈশিষ্ট্য ও প্রয়োজনীয়তা

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- পারিবারিক হিসাবের ধারণা বর্ণনা করতে পারবেন।
- পারিবারিক হিসাব-নিকাশের বৈশিষ্ট্যসমূহ জানতে পারবেন।
- পারিবারিক হিসাব-নিকাশের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবেন।

| | |
|---|---|
| **মূখ্য শব্দ (Key Words)** | পারিবারিক হিসাব, পারিবারিক বাজেট, সম্ভাব্য আয়, প্রাপ্তি প্রদান সমূহ, পারিবারিক তহবিল, প্রকল্প, উদ্যোক্তা। |

**পারিবারিক হিসাব নিকাশ**

সুষ্ঠুভাবে পরিবার পরিচালনা করার জন্য পারিবারিক হিসাব নিকাশের প্রয়োজনীয়তা আছে। ইংরেজিতে প্রবাদ আছে, “Cut your coat according to your cloth” অর্থাৎ আয় বুঝে ব্যয় কর। সামাজিক ও পারিবারিক জীবনে আমাদের প্রত্যেককেই পরিবারের আয়-বুঝে ব্যয় করা উচিত। পরিবারের আয়-ব্যয়ের হিসাব না রাখলে আয় বুঝে ব্যয় করা সম্ভব নয়। তাই ব্যবসা প্রতিষ্ঠানের ন্যায় পরিবারের আয়-ব্যয়ের হিসাব রাখা খুবই গুরুত্বপূর্ণ।

কোন পরিবারে সংঘটিত যাবতীয় লেনদেনসমূহ হিসাবের বইতে যথাযথভাবে লিপিবদ্ধ করে বছর শেষে পারিবারিক আয়-ব্যয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় এবং পরিবারের সম্পদ ও দায়-দেনার পরিমাণ নির্ধারণ করাকেই পারিবারিক হিসাব-নিকাশ বলা হয়। সুষ্ঠুভাবে পরিবার পরিচালনা করতে হলে পারিবারিক হিসাব নিকাশের প্রয়োজনীয়তা রয়েছে। হিসাব নিকাশের ক্ষেত্রে প্রতিটি পরিবার হচ্ছে অমুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান। অন্যান্য প্রতিষ্ঠানের মতো প্রতিটি পরিবারেই আর্থিক লেনদেন সংঘটিত হয়। এক কথায় আমরা বলতে পারি যে, পরিবারের যাবতীয় আয়-ব্যয়ের হিসাব রাখার প্রক্রিয়াকেই পারিবারিক হিসাব-নিকাশ বলে।

**পারিবারিক হিসাব-নিকাশের বৈশিষ্ট্য :**

পারিবারিক হিসাব-নিকাশের বৈশিষ্ট্য হল-

১. প্রতিটি পরিবারকে এক একটি একক ধরতে হবে এবং পরিবারকে পরিবারের কর্তা বা অন্যান্য ব্যক্তি থেকে পৃথক বা স্বতন্ত্র গণ্য করে হিসাব-নিকাশ কার্য সম্পন্ন করতে হবে।

২. নির্দিষ্ট সময় শেষে আয়-ব্যয় হিসাবের মাধ্যমে ব্যয়ের তুলনায় আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করা হয় এবং উদ্বৃত্তপত্র প্রস্তুত করা হয়।

৩. পারিবারিক হিসাব-নিকাশ কারও নিকট পেশ করতে হয় না। সুতরাং এর পরীক্ষা-নিরীক্ষা করার কোন প্রয়োজন হয় না।

৪. পরিবারের বেশির ভাগ লেনদেন নগদে সংঘটিত হয় বলে হিসাব-নিকাশ কার্য অত্যন্ত সহজ ও সরল।

**পারিবারিক হিসাব-নিকাশ প্রয়োজনীয়তা :**

সামাজিক ও পারিবারিক জীবনযাপনে আমাদের প্রত্যেককেই পরিবারের আয় বুঝে ব্যয় করা উচিত। পরিবারের আয়-ব্যয়ের হিসাব না রাখলে আয় বুঝে ব্যয় করা সম্ভব নয়। তাই ব্যবসায় প্রতিষ্ঠানের মত পরিবারে আয় ব্যয়ের হিসাব রাখা খুবই গুরুত্বপূর্ণ। নিচে পারিবারিক হিসাব-নিকাশের প্রয়োজনীয়তা দেয়া হল :

১. **সুষ্ঠু হিসাব সংরক্ষণ :** পারিবারিক হিসাব-নিকাশ ব্যবস্থায় পরিবারের দৈনন্দিন সংঘটিত আর্থিক লেনদেনের সুষ্ঠু ও সঠিক হিসাব রাখা সম্ভব হয়। ফলে পরিবারের দৈনন্দিন আয় ব্যয়ের উদ্বৃত্ত ও ঘাটতির পরিমাণ জানা যায়।

২. **সুষ্ঠু ব্যবস্থাপনা :** পরিবারের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পারিবারিক হিসাব-নিকাশ অপরিহার্য। যথাযথভাবে হিসাব না রাখলে পরিবারের বিভিন্ন আর্থিক দিকগুলোর দুর্বলতা বা ঘাটতির কারণগুলো খুঁজে বের করা সম্ভব হবে না এবং প্রয়োজনীয় সংশোধনীয় ব্যবস্থা করা যাবে না। ফলে পারিবারিক আর্থিক সচ্ছলতা আনা যাবে না।

৩. **পারিবারিক সচ্ছলতা :** সুষ্ঠু হিসাব সংরক্ষণের মাধ্যমে আয়ের সঙ্গে ব্যয়ের সংগতি রেখে আর্থিক সচ্ছলতা অর্জন করা যায়।

৪. **আয়-ব্যয়ের সামঞ্জস্যতা এবং ব্যয় নিয়ন্ত্রণ :** হিসাব নিকাশ ব্যবস্থার মাধ্যমে পরিবারের আয় ও ব্যয়ের মধ্যে সামঞ্জস্যতা আনা যায়। সুষ্ঠু হিসাব সংরক্ষণের মাধ্যমে পরিবারের কোন কোন খাতে খরচ বেশি হয় তা জানা যায় এবং কেবলমাত্র প্রয়োজনীয় খাতে ব্যয় সীমাবদ্ধ রেখে অন্যান্য খরচ কমানো যায়। ফলে ব্যয় নিয়ন্ত্রণ করা সম্ভব হয়।

৫. **সম্পদের সুষম বণ্টন এবং সুষ্ঠু ব্যবহার :** যথাযথ হিসাব রাখলে পরিবারের বিভিন্ন সদস্যের মধ্যে পারিবারিক সম্পদের সুষ্ঠু ও সুষম বণ্টনের সুবিধা হয়। ফলে সম্পদের সুষ্ঠু ব্যবহার এবং পারিবারিক সচ্ছলতা আনা সম্ভব হয়।

৬. **পারিবারিক কলহ ও ঝগড়া-বিবাদ এড়ানো এবং বিরোধ নিষ্পত্তিতে সহায়তা :** সুষ্ঠুভাবে হিসাব রাখলে পরিবারের কর্তা ও অন্যান্য সদস্যের মধ্যে কলহ ও ঝগড়া বিবাদ এড়ানো সম্ভব হয়। কারণ পরিবারের অর্থ কিভাবে আয় হচ্ছে

এবং কিভাবে ব্যয় হচ্ছে তা হিসাবে লিপিবদ্ধ থাকে। ফলে বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট ব্যাপারে পরিবারের সদস্যদের মধ্যে কোন ঝগড়া, কলহ বা ভুল বুঝাবুঝি দেখা দিলে লিখিত হিসাবের সাহায্যে তা সহজে নিষ্পত্তি করা যায়।

৭. **পারিবারিক বাজেট প্রণয়ন** : পারিবারিক হিসাব নিকাশ পারিবারিক বাজেট প্রণয়নের সহায়তা করে। প্রতিটি পরিবারের বাজেট অর্থাৎ ভবিষ্যৎ আয় ব্যয়ের পরিকল্পনা প্রস্তুত করা যায় এবং তা দ্বারা যাবতীয় আয়-ব্যয়ের নিয়ন্ত্রণ করে পরিবারের সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করা যায়।

৮. **সঞ্চয় প্রবণতা বৃদ্ধি :** যথাযথ হিসাব রাখলে পরিবারের সদস্যদের খরচ করার প্রবণতা হ্রাস পায় এবং সঞ্চয় প্রবণতা বৃদ্ধি পায়।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | পারিবারিক হিসাবের প্রয়োজনীয়তাগুলো তালিকা আকারে লিখুন। |

## সারসংক্ষেপ:

- নির্দিষ্ট সময় শেষে আয়-ব্যয় হিসাবের মাধ্যমে পরিবারের আয়ের উদ্বৃত্ত বা ঘাট্তি নির্ণয় করা যায়।
- সুষ্ঠুভাবে পরিবার পরিচালনা করতে হলে ব্যবসায় প্রতিষ্ঠানের মত অমুনাফাভোগী প্রতিষ্ঠান হিসাবে প্রতিটি পরিবারে সংঘটিত দৈনন্দিন আর্থিক লেনদেনগুলোর সুষ্ঠু ও সঠিক হিসাব সংরক্ষণের প্রয়োজনীয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য।

## পাঠোত্তর মূল্যায়ন-১৩.১

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১. **পারিবারিক হিসাব-নিকাশ অত্যন্ত সহজ ও সরল হয় কেন?**
ক. বাকীতে সংঘটিত হয় বলে খ. নগদে সংঘটিত হয় বলে
গ. ক ও খ উভয়ই ঘ. কোনোটিই নয়

২. **হিসাব-নিকাশের ক্ষেত্রে প্রতিটি পরিবার হচ্ছে–**
ক. কল্যাণধর্মী প্রতিষ্ঠান খ. মুনাফাভোগী প্রতিষ্ঠান
গ. অমুনাফাভোগী সাময়িক প্রতিষ্ঠান ঘ. অমুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান

৩. **পারিবারিক হিসাব-নিকাশের প্রধান বৈশিষ্ট্য–**
ক. তিনটি খ. চারটি
গ. পাঁচটি ঘ. ছয়টি

৪. **অমুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান কোনটি?**
ক. প্রতিষ্ঠান খ. কারবার
গ. ব্যবসা-বাণিজ্য ঘ. পরিবার

৫. **পারিবারিক হিসাব-নিকাশ পরীক্ষা-নিরীক্ষা করার–**
ক. প্রয়োজন খ. প্রয়োজন হয় না
গ. অবশ্যই প্রয়োজন ঘ. সরকারের ইচ্ছাধীন

৬. **সুষ্ঠুভাবে পরিবার পরিচালনা করতে হলে কী প্রয়োজন হয়?**
ক. লেনদেনের খ. পারিবারিক হিসাব নিকাশের
গ. সংঘাতের ঘ. আর্থিক অসচ্ছলতার

# পাঠ-১৩.২ পারিবারিক বাজেট প্রস্তুত প্রণালী এবং নমুনা

## উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- পারিবারিক বাজেট সম্পর্কে বলতে পারবেন।
- পারিবারিক বাজেট প্রস্তুত প্রণালী বর্ণনা করতে পারবেন।
- পারিবারিক বাজেটের নমুনা প্রণয়ন করতে পারবেন।

**পারিবারিক বাজেট**

কোন নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট আয়ের ভিত্তিতে ব্যয় এবং সঞ্চয় করার পূর্ব পরিকল্পনাকে বাজেট বলে। প্রয়োজন এবং চাহিদা অনেক কিন্তু আয় সীমিত। তাই বাজেট প্রস্তুত করে সীমিত আয় দ্বারা পরিকল্পনা মাফিক নানাবিধ খরচ পরিশোধ করা সম্ভব হয়। একটি পরিবারকে সুষ্ঠু সঠিকভাবে পরিচালনার জন্য পারিবারিক বাজেট বিভিন্নমুখী সুবিধা প্রদান করে থাকে।

পরিবারের ভবিষ্যৎ আয়-ব্যয়ের অর্থনৈতিক পরিকল্পনাকে পারিবারিক বাজেট বলে। এক সপ্তাহ, মাস, কিংবা বছরের জন্য হতে পারে। মোট কথা, কোন নির্দিষ্ট সময়ে পরিবারের ভবিষ্যৎ আয়-ব্যয় হিসাব বা বিবরণীর মাধ্যমে টাকার অংকে প্রকাশ করা হয় ঐ বিবরণীকেই পারিবারিক বাজেট বলে।

**বাজেটের প্রস্তুত প্রণালী**

বাজেট যেহেতু কোন কর্ম-পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ, তাই এটি প্রণয়নে কিছু পদক্ষেপ গ্রহণ করা দরকার। সঠিক নিয়মনীতি অনুসরণ করে একটি বাজেট প্রণয়ন করে তা বাস্তবায়ন করা যায়। এগুলো নিম্নরূপ :

১. **প্রয়োজনীয় দ্রব্য ও সেবাকর্মের তালিকা তৈরিকরণ :** যে সময়ের জন্য বাজেট করা হবে সে সময়ে পরিবারের সদস্যদের প্রয়োজনীয় দ্রব্যের তালিকা তার মধ্যে থেকে চাহিদা ও প্রয়োজনের গুরুত্ব অনুসারে দ্রব্যগুলোকে প্রধান প্রধান শ্রেণিতে ভাগ করে তালিকা প্রস্তুত করতে হবে।

২. **মূল্য নিরূপণ :** তালিকাভূক্ত প্রত্যেকটি দ্রব্যের মূল্য নিরূপনে বিবেচনা করতে হবে।

৩. **সম্ভাব্য আয় নির্ধারণ :** যে সময়ের জন্য বাজেট করা হবে সে সময়ের সম্ভাব্য আয়ের একটি হিসাব করতে হবে। বাজেট করার সময় কখনও অতিরিক্ত আয়ের হিসাব করা উচিত নয়।

৪. **আয়-ব্যয়ের সমতা রক্ষা :** বাজেট তৈরির সময় বাজেটের আনুমানিক আয়ের সঙ্গে সম্ভাব্য ব্যয়ের সমতা রক্ষা করতে হবে।

৫. **সঞ্চয় ব্যবস্থা :** ভবিষ্যত যেহেতু অনিশ্চিত তাই প্রতিটি পরিবারেই বাজেটে খরচ মেটানোর পর কিছু সঞ্চয়ের ব্যবস্থা রাখা প্রয়োজন।

৬. **বাস্তবমুখী বাজেট প্রণয়ন :** বাজেট যেহেতু অনিশ্চিত তাই প্রতিটি পরিবারেই বাজেটে খরচ মেটানোর পর কিছু সঞ্চয়ের ব্যবস্থা রাখা প্রয়োজন।

একটি পরিবারের গঠন, সামাজিক পরিচিতি, রুচিবোধ, পরিবারের আয়ের উপরে সার্থক বাজেট প্রণয়ন নির্ভর করে। পরিবার ভেদে বাজেট ভিন্ন প্রকৃতির হয়। পরিবারের কাঠামোর উপরে ব্যয়ের খাতওয়ারির বণ্টন নির্ভর করে। যেমন– খাদ্য খাতে শতকরা ২০% – ২৫%, বস্ত্র খাতে ৫% – ১০%, বাসস্থান খাতে ৩০% – ৪০%, শিক্ষা খাতে ১০% – ১৫%, যানবাহন খাতে ১৫% – ২০% খরচ করা যেতে পারে। (আনুমানিক)

**মাসের নাম ........**

(পারিবারিক লোকসংখ্যা ০৬ জন ধরে)

**আয়**

| **আয়ের বিবরণ** | **সম্ভাব্য আয় টাকা** | **মোট আয় টাকা** |
|---|---|---|
| বেতন খাতে আয় | ৩০,০০০ | |
| অন্যান্য উৎস (বাড়িভাড়া, কৃষি আয় ইত্যাদি) | ২০,০০০ | |
| | | ৫০,০০০ |

**ব্যয়**

| **আয়ের বিবরণ** | **সম্ভাব্য আয় টাকা** | **মোট খরচ টাকা** | **শতকরা হার %** |
|---|---|---|---|
| **১. খাদ্য সামগ্রী :** | | | |
| চাল | ১,৬০০ | | |
| ডাল | ২৫০ | | |
| তৈল | ৬৫০ | | |
| লবন | ৫০ | | |
| আটা | ২০০ | | |
| ময়দা | ৮০ | | |
| সেমাই, নুডলস | ২৫০ | | |
| চা, চিনি | ১৭০ | | |
| মসলা | ১৫০ | | |
| | | ৩,৪০০ | |
| **কাঁচাবাজার :** | | | |
| মাছ | ১,৬০০ | | |
| মাংস | ১,৫০০ | | |
| মুরগী | ১,০০০ | | |
| ডিম | ৬০০ | | |
| শাকসব্জি | ১,৫০০ | | |
| ফল | ৫০০ | | |
| পেয়াজ, রসুন, আদা | ৪০০ | | |
| | | ৭,১০০ | |
| | | ১০,৫০০ | ২১% |
| **২. বাসস্থান :** | | | |
| বাসাভাড়া | ১৫,০০০ | | |
| বিদ্যুৎ | ১,২০০ | | |
| গ্যাস | ৪৫০ | | |
| অন্যান্য | ৩৫০ | | |

| আয়ের বিবরণ | সম্ভাব্য আয় টাকা | মোট খরচ টাকা | শতকরা হার % |
|---|---|---|---|
| | | ১৭,০০০ | ৩৪% |
| **৩. বস্ত্র :** | | | |
| বস্ত্র ক্রয় | ৬০০ | | |
| বস্ত্র ধৌত ও ইস্ত্রি | ২৫০ | | |
| সেলাই, ইত্যাদি | ১৫০ | | |
| | | ১,০০০ | ২% |
| **৪. শিক্ষা :** | | | |
| স্কুল/কলেজের বেতন | ১,৫০০ | | |
| কাগজ খাতা, বই কলম | ৫০০ | | |
| গৃহ শিক্ষকের বেতন | ২,০০০ | | |
| যাতায়াত খরচ | ১,০০০ | | |
| | | ৫,০০০ | ১০% |
| **৫. চিকিৎসা :** | | ২,৫০০ | ৫% |
| **৬. সদস্যদের ব্যাক্তিগত খরচ :** | | | |
| যাতায়াত আমোদ প্রমোদ | | ১,৫০০ | ৩% |
| **৭. অন্যান্য খরচ :** | | | |
| মেহমানদারী | ১,৫০০ | | |
| উপহার সামগ্রী | ২,০০০ | | |
| খবরের কাগজ | ৫০০ | | |
| গৃহভৃত্যের বেতন | ১,০০০ | | |
| | | ৫,০০০ | ১০% |
| **৮. ভবিষ্যত সঞ্চয় :** | | | |
| প্রভিডেন্ট ফান্ড | ৫,০০০ | | |
| ডি পি এস | ২,৫০০ | | |
| | | ৭,৫০০ | ১৫% |
| মোট খরচ | | ৫০,০০০ | ১০০% |

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | পারিবারিক বাজেট প্রণয়নে কি কি পদক্ষেপ গ্রহন করা হয় উল্লেখ করুণ। |

## সারসংক্ষেপ:

- পরিবারের ভবিষ্যৎ আয়-ব্যয়ের পরিকল্পনাকে পারিবারিক বাজেট বলে।
- সঠিক নিয়মনীতি মেনে পারিবারিক বাজেট প্রস্তুত করলে তা বাস্তবায়ন করা যায়।

## পাঠোত্তর মূল্যায়ন-১৩.২

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

**১. পারিবারিক বাজেট বলতে বোঝায়-**

ক. পারিবারিক আয়-ব্যয়ের হিসাব
খ. পরিবারের আয়-ব্যয়ের পরিকল্পনা
গ. পরিবারের ভবিষ্যৎ আয়-ব্যয়ের পরিকল্পনা
ঘ. পরিবারের মোট আয়-ব্যয় বিবরণী

**২. পারিবারিক বাজেট কতদিনের জন্য প্রস্তুত করা হয়?**

ক. এক সপ্তাহের
খ. এক মাসের
গ. এক বছরের
ঘ. সপ্তাহ, মাস কিংবা বছর

**৩. পারিবারিক বাজেট তৈরি করা হয়–**

ক. সম্ভাব্য আয়ের ভিত্তিতে
খ. সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে
গ. সম্ভাব্য আয়-ব্যয়ের ভিত্তিতে
ঘ. প্রস্তুত আয়-ব্যয়ের ভিত্তিতে

**৪. পারিবারিক বাজেট প্রস্তুতের প্রথম পদক্ষেপ কোনটি?**

ক. প্রয়োজনীয় দ্রব্যাদির তালিকাকরণ
খ. সম্ভাব্য ব্যয় নির্ধারণ
গ. দ্রব্য বা সেবার মূল্য নির্ধারণ
ঘ. কোনোটিই নয়

# পাঠ-১৩.৩ পারিবারিক আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ধাপসমূহ

## উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- আর্থিক বিবরণী ধাপসমূহ বর্ণনা করতে পারবেন।
- প্রাপ্তি প্রদান হিসাবের বৈশিষ্ট্যগুলো বর্ণনা করতে পারবেন।

পরিবারে সংঘটিত লেনদেনগুলোকে বিভিন্ন হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। সুবিন্যস্তভাবে এ লেনদেগুলো লিপিবদ্ধ করা না হলে এ থেকে পরিবারের সঠিক আর্থিক চিত্র পাওয়া যাবে না। তাই পরিবারের সঠিক আর্থিক চিত্র পাওয়ার জন্য আর্থিক বিবরণী তৈরি করা অপরিহার্য। পারিবারিক আর্থিক বিবরণীর ধাপসমূহ হলো–

১. প্রাপ্তি ও প্রদান হিসাব
২. আয়-ব্যয় বিবরণী
৩. আর্থিক অবস্থার বিবরণী

**প্রাপ্তি ও প্রদান হিসাব :**

প্রাপ্তি প্রদান হিসাব হল পারিবারিক হিসাবের প্রথম ধাপ। এটি ব্যবসা প্রতিষ্ঠানের নগদান বইয়ের অনুরূপ; কিন্তু নগদান বই নয়। সকল প্রকার নগদ আদান-প্রদানের সমন্বয়ে প্রাপ্তি প্রদান হিসাব তৈরি করা হয়। পরিবারে প্রতিদিন অনেক নগদ লেনদেন সংঘটিত হয়। এই লেনদেনগুলো লিপিবদ্ধ করে রাখা হয়। পরবর্তীতে বছর শেষে এ লেনদেনগুলো নিয়ে সংক্ষিপ্ত আকারে যে হিসাব তৈরি করা হয় তাকে প্রাপ্তি ও প্রদান হিসাব বলে।

প্রাপ্তি প্রদান হিসাবে সকল প্রকার নগদ প্রাপ্তি ডেবিট পাশে এবং সকল প্রকার নগদ প্রদান ক্রেডিট পাশে লিপিবদ্ধ করা হয়। যে কোন সালের মূলধন ও মুনাফাজাতীয় প্রাপ্ত আয়সমূহকে এই হিসাবের ডেবিট দিকে এবং যে কোন সালের মূলধন ও মুনাফাজাতীয় ব্যয়কে এই হিসাবের ক্রেডিট দিকে লিপিবদ্ধ করা হয়।

**আয়-ব্যয় বিবরণী :**

বছর শেষে পরিবারের আয় ও ব্যয়ের ফলাফল নির্ণয় করে উক্ত হিসাব সনের মুনাফা জাতীয় আয় ব্যয়কে লিখে যে হিসাব প্রস্তুত করে থাকে তাকে আয়-ব্যয় হিসাব বলে। বছর শেষে পরিবারের প্রাপ্তি ও প্রদানের চূড়ান্ত বিবরণী (প্রাপ্তি ও প্রদান) থেকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়গুলো এবং ক্রেডিট দিকে আয়গুলো দেখানো হয়। ক্রেডিট দিকের যোগফল ডেবিট দিকের যোগফল অপেক্ষা বেশি হলে পার্থক্যটিকে আয়-উদ্বৃত্ত বলা হয় এবং ডেবিট দিকের যোগফল ক্রেডিট দিকের যোগফল অপেক্ষা বেশি হলে পার্থক্যকে ঘাটতি বলা হয়। আয়-উদ্বৃত্ত দ্বারা পারিবারিক তহবিল সৃষ্টি হয় এবং ঘাটতি হলে পারিবারিক তহবিল হ্রাস পায়।

**আর্থিক অবস্থার বিবরণী :**

অন্যান্য প্রতিষ্ঠানের মতো পরিবারের সম্পত্তি থাকে, যেমন- ঘরবাড়ি, আসবাবপত্র, নগদ টাকা, বিনিয়োগ ইত্যাদি এবং দায় থাকে, যেমন ঋণ, বকেয়া খরচ, বকেয়া বাড়ি ভাড়া ইত্যাদি। সম্পত্তি ও দায় দেনা দিয়ে বছর শেষে পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করা হয়। কোনো নির্দিষ্ট তারিখে পরিবারের সকল সম্পত্তির যোগফল থেকে ঐ তারিখে পরিবারের দায়-দেনা বাদ দিয়ে যে উদ্বৃত্ত থাকে তাকে বলা হয় পারিবারিক তহবিল। পারিবারিক তহবিল আর্থিক বিবরণীর দায় হিসাবে দেখানো হয়। আয় উদ্বৃত্ত হলে পারিবারিক তহবিলের সাথে যোগ করা হয় এবং ঘাটতি হলে পারিবারিক তহবিল থেকে বাদ দেয়া হয়।

**প্রাপ্তি-প্রদান হিসাবের বৈশিষ্ট্য :**

১. এই হিসাবের বাম পার্শ্বে প্রারম্ভিক নগদ তহবিল ও ব্যাংক ব্যালেন্স দিয়ে শুরু হয়।

২. প্রাপ্তি ও প্রদান হিসাব নগদান বই এর মত।
৩. নগদ ও চেক সংক্রান্ত সকল প্রকার প্রাপ্তি নগদান হিসাবের ডেবিট দিকে লিখা হয়।
৪. নগদ ও চেক সংক্রান্ত সকল প্রকার প্রদান এ হিসাবের ক্রেডিট দিকে লিখা হয়।
৫. এ হিসাবে কোন প্রকার বকেয়া ও অ-নগদ লেনদেন লিপিবদ্ধ হয় না।
৬. এটি নির্দিষ্ট সময়ের সকল প্রকার নগদ প্রাপ্তি ও পরিশোধের একটি সংক্ষিপ্ত হিসাব।
৭. যেহেতু নগদ প্রাপ্ত টাকার চেয়ে নগদ প্রদান বেশী হতে পারে না তাই এ হিসাবের বাম দিকের যোগফল সব সময়ই বড় হয়।
৮. প্রাপ্তি প্রদান হিসাব হতে নগদ প্রবাহ জানা যায়।
৯. এ হিসাব হতে সমাপনী নগদ উদ্বৃত্ত ও ব্যাংক জমা জানা যায়।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | পারিবারিক আর্থিক অবস্থার বিবরণীর ধাপসমূহ বর্ণনা করুন। |

## সারসংক্ষেপ:

- সুবিন্যস্তভাবে পরিবারের সংঘটিত লেনদেনগুলোকে লিপিবদ্ধ করে একটি পরিবারের সঠিক আর্থিক চিত্র পাওয়া যায়।
- সকল প্রকার নগদ প্রাপ্তি এবং প্রদান লেনদেনগুলো দ্বারা প্রাপ্তি-প্রদান হিসাব তৈরি করা হয়।
- মুনাফা জাতীয় প্রাপ্তি ও প্রদান দফাসমুহ দিয়ে আয়-ব্যয় হিসাব তৈরি করা হয়।

## পাঠোত্তর মূল্যায়ন-১৩.৩

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

**১. আর্থিক বিবরণীর কয়টি ধাপ?**

ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি

**২. কোনটি পারিবারিক আর্থিক বিবরণীর ধাপ-**

ক. প্রাপ্তি ও প্রদান হিসাব খ. আয়-ব্যয় হিসাব
গ. আর্থিক অবস্থার বিবরণী ঘ. সবগুলোই

**৩. বাজেটের মাধ্যমে পরিবারের যাবতীয়-**

ক. আয়-ব্যয়ের পরিমাণ জানা যায়
খ. নগদ প্রাপ্তি ও প্রদানের পরিমাণ জানা যায়
গ. আয় ও ব্যয় নিয়ন্ত্রণ করে পারিবারিক সচ্ছলতা আনা যায়
ঘ. মোট আনুমানিক খরচের পরিমাণ জানা যায়

**৪. নিম্নের কোনটি প্রাপ্তি ও প্রদান হিসাবের বৈশিষ্ট্য-**

ক. সকল প্রকার প্রাপ্তিসমূহ লিপিবদ্ধ করা খ. সকল প্রকার প্রদানসমূহ লিপিবদ্ধ করা
গ. নগদ প্রবাহ জানা ঘ. সবগুলো

## পাঠ-১৩.৪ প্রাপ্তি প্রদান হিসাব হতে আয়-ব্যয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতকরণ

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- আয়-ব্যয় হিসাব প্রস্তুত করতে পারবেন।
- আর্থিক বিবরণী প্রস্তুত করতে পারবেন।

**আয়-ব্যয় বিবরণী প্রস্তুতকরণ :**

পারিবারিক হিসাবের ক্ষেত্রে সর্বপ্রথম একটি পরিবারের সকল প্রকার প্রাপ্তি ও প্রদান দিয়ে নগদান বইয়ের মত প্রাপ্তি প্রদান হিসাব তৈরি করা হয়। তারপর এই প্রাপ্তি-প্রদান হিসাব হতে আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করা হয়।

**প্রস্তুতপ্রণালী :**

১. মূলধন জাতীয় প্রাপ্তি-প্রদান আয়-ব্যয় বিবরণীতে অন্তর্ভূক্ত হয় না।
২. প্রাপ্তি-প্রদান হিসাবের প্রারম্ভিক ও সমাপনী নগদ এবং ব্যাংক উদ্বৃত্ত আয়-ব্যয় বিবরণীতে দেখানো হয় না।
৩. শুধুমাত্র মুনাফাজাতীয় প্রাপ্তি ও প্রদানগুলোকে আয়-ব্যয় বিবরণীতে যথাক্রমে ক্রেডিট এবং ডেবিট দিকে দেখানো হয়।
৪. আয়-ব্যয় বিবরণীতে কেবলমাত্র চলতি বৎসরের আয় ও ব্যয় অন্তর্ভূক্ত করা হয়।
৫. বিগত অথবা পরবর্তী বৎসরের কোন আয়-ব্যয় বিবরণীতে অন্তর্ভূক্ত হবে না।
৬. চলতি বৎসরের প্রাপ্য আয় এবং বকেয়া খরচ আয়-ব্যয় বিবরণীতে অন্তর্ভূক্ত হবে।
৭. প্রাপ্তি প্রদান হিসাবে অন্তর্ভূক্ত কোন সম্পত্তি ক্রয়-বিক্রয় আয়-ব্যয় দেখানো হয় না।
৮. স্থায়ী সম্পত্তির অবচয় আয়-ব্যয় বিবরণীর ডেবিট দিকে অর্থাৎ ব্যয়ের দিকে বসবে।

**আর্থিক বিবরণী প্রস্তুতকরণ :**

ব্যবসায় প্রতিষ্ঠানের ন্যায় পরিবারে বিভিন্ন প্রকার সম্পত্তি ও দায় রয়েছে। পারিবারিক আর্থিক অবস্থার বিবরণী তৈরির মাধ্যমে একটি নির্দিষ্ট সময় শেষে পরিবারের সম্পদ, দায় ও পারিবারিক তহবিল সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যায়।

**প্রস্তুত প্রণালী :**

১. আর্থিক অবস্থার বিবরণী তৈরির জন্য প্রথমে পরিবারের প্রারম্ভিক সম্পদ থেকে প্রারম্ভিক দায় বাদ দিয়ে পারিবারিক তহবিল নির্ণয় করতে হয়।
২. প্রাপ্তি-প্রদান হিসাবের মূলধনজাতীয় প্রদানগুলো আর্থিক অবস্থায় বিবরণীতে সম্পদের পার্শ্বে লিখতে হয়।
৩. প্রাপ্তি-প্রদান হিসাবের মূলধনজাতীয় প্রাপ্তিগুলো আর্থিক অবস্থার বিবরণীতে দায়ের দিকে লিখতে হয়।
৪. নগদ ও ব্যাংকজমার সমাপনী উদ্বৃত্ত আর্থিক বিবরণীর সম্পত্তির পাশে লিখতে হয়।
৫. সম্পদের অবচয় সংশ্লিষ্ট সম্পত্তি থেকে বাদ দিয়ে দেখাতে হয়।
৬. যাবতীয় অগ্রিম ব্যয় আর্থিক বিবরণীর সম্পত্তির দিকে যাবে।
৭. সকল প্রকার অগ্রিম আয় আর্থিক বিবরণীর দায়ের দিকে যাবে।
৮. আয়-ব্যয় বিবরণীর আয় উদ্বৃত্ত পারিবারিক তহবিলের সাথে যোগ করে আর্থিক বিবরণীতে দেখাতে হবে।
৯. নগদ ও ব্যাংক জমার প্রারম্ভিক উদ্বৃত্ত প্রারম্ভিক সম্পত্তি বিবেচনা করে পারিবারিক তহবিল নির্ণয়ে ব্যবহৃত হবে।

**উদাহরণ-১**

**২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের জনাব সানুর প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেওয়া হলো :**

**জনাব সানুর**

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ২২,০০০ | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৩,৫০০ |
| ঘর ভাড়া | ৩,২০০ | সংবাদ পত্র | ৭০০ |
| কৃষি আয় | ৩,৭০০ | মাছ-মাংস | ৩,৬৩০ |
| | | যাতায়াত খরচ | ৫,০০০ |
| | | আলমারী ক্রয় | ২,৯০০ |
| | | আপ্যায়ন | ১,৭৭৫ |
| | | চাল-ডাল | ১,৮০০ |
| | | পোশাক | ১,৭৭০ |
| | | বই-খাতা | ৪০০ |
| | | চিকিৎসা খরচ | ৮৮০ |
| | | বিদ্যুৎ খরচ | ১০০ |
| | | হাতে নগদ | ৬,৪৪৫ |
| | ২৮,৯০০ | | ২৮,৯০০ |

**ক.** প্রারম্ভিক তহবিল কী?

**খ.** উক্ত বছরে জনাব সানুর আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করুণ।

**গ.** উক্ত তারিখে জনাব সানুর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুণ।

**সমাধান**

**জনাব সানুর**

**পারিবারিক আয়-ব্যয় হিসাব**

২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

| ব্যয়সমূহ | টাকা | আয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| সংবাদ পত্র | ৭০০ | | ২২,০০০ |
| মাছ-মাংস | ৩,৬৩০ | | ৩,২০০ |
| যাতায়াত খরচ | ৫,০০০ | | ৩,৭০০ |
| আলমারী ক্রয় | ২,৯০০ | | |
| আপ্যায়ন | ১,৭৭৫ | | |
| চাল-ডাল | ১,৮০০ | | |
| পোশাক | ১,৭৭০ | | |
| বই-খাতা | ৪০০ | | |

| ব্যয়সমূহ | টাকা | আয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| চিকিৎসা খরচ | ৮৮০ | | |
| বিদ্যুৎ খরচ | ১০০ | | |
| | ২৮,৯০০ | | ২৮,৯০০ |

**জনাব সানুর**
**আর্থিক অবস্থার বিবরণী**
**৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে**

| দায়সমূহ | টাকা | সম্পত্তি সমূহ | টাকা |
|---|---|---|---|
| পারিবারিক তহবিল : | | হাতে নগদ | ৬,৪৪৫ |
| আয়ের উদ্বৃত্ত | ১২,৮৪৫ | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৩,৫০০ |
| | | আলমারি ক্রয় | ২,৯০০ |
| | ১২,৮৪৫ | | ১২,৮৪৫ |

**উদাহরণ-২**

জনাব সোহেল ১ জানুয়ারি, ২০১৪ তারিখে ২,০০,০০০ টাকার একটি পাকা বাড়ি, ১০,০০০ টাকার আসবাবপত্র এবং ১,০০,০০০ টাকার গৃহনির্মাণ ঋণ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হন। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান সমূহ নিম্নরূপ-

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

ডেবিট ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন প্রাপ্তি | ২৪,০০০ | ডাক্তারের ফিস ও ঔষধ | ৭৮০ |
| ঘর ভাড়া | ২,২০০ | পত্রিকা | ৬০০ |
| কৃষি আয় | ২,৩০০ | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৩,৬০০ |
| | | মাছ-মাংস | ২,৬০০ |
| | | যাতায়াত | ৬,০০০ |
| | | চা-নাস্তা | ১,৮৭৫ |
| | | আসবাবপত্র | ২,৮০০ |
| | | চাল-ডাল | ১,৭০০ |
| | | কাপড় | ১,৮৭০ |
| | | বই | ৫০০ |
| | | বিদ্যুৎ ও গ্যাস | ২,১০০ |
| | | হাতে নগদ | ৪,০৪৫ |
| | ২৮,৫০০ | | ২৮,৫০০ |

**ক.** প্রারম্ভিক তহবিলের পরিমাণ নির্ণয় করুণ।

**খ.** উক্ত বছরে জনাব সোহেলের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করুণ।

**গ.** উক্ত তারিখে জনাব সোহেলের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুণ।

**সমাধান**

**জনাব সোহেল এর**
**পারিবারিক আয়-ব্যয় হিসাব**
**২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের**

ডেবিট ক্রেডিট

| ব্যয়সমূহ | টাকা | আয় সমূহ | টাকা |
|---|---|---|---|
| ডাক্তারের ফিস ও ঔষধ | ৭৮০ | বেতন প্রাপ্তি | ২৪,০০০ |
| পত্রিকা | ৬০০ | ঘর ভাড়া | ২,২০০ |
| মাছ-মাংস | ২,৬৩০ | কৃষি আয় | ২,৩০০ |
| যাতায়াত | ৬,০০০ | | |
| চা-নাস্তা | ১,৮৭৫ | | |
| চাল-ডাল ও তৈল | ১,৭০০ | | |
| কাপড় | ১,৮৭০ | | |
| বই | ৫০০ | | |
| বিদ্যুৎ ও গ্যাস | ২,১০০ | | |
| আয়ের উদ্বত্ত | ১০,৪৪৫ | | |
| | ২৮,৫০০ | | ২৮,৫০০ |

**জনাব সোহেল এর**
**আর্থিক অবস্থার বিবরণী**
**৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে**

| দায় সমূহ | টাকা | আয় সমূহ | টাকা |
|---|---|---|---|
| পারিবারিক তহবিল ১,১০,০০০ | | পাকা বাড়ি | ২,০০,০০০ |
| যোগঃ আয়ের উদ্বৃত্ত ১০,৪৪৫ | | আসবাবপত্র | ১০,০০০ |
| | ১,২০,৪৪৫ | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৩,৬০০ |
| গৃহনির্মাণ ঋণ | ১,০০,০০০ | আসবাবপত্র | ২,৮০০ |
| | | হাতে নগদ | ৪,০৪৫ |
| | ২,২০,৪৪৫ | | ২,২০,৪৪৫ |

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ১০,৪৪৫ টাকা, উদ্বৃত্তপত্রের যোগফল ২,২০,৪৪৫ টাকা, প্রারম্ভিক তহবিল ১,১০,০০০ টাকা।

**উদাহরণ-৩**

জনাব সাকিব ১ জানুয়ারি ২০১৪ তারিখে উত্তরাধিকার সূত্রে নিম্নলিখিত সম্পত্তি ও দায়-দেনার অধিকারী হয়েছেন : একটি ফ্ল্যাট বাড়ি ৩,০০,০০০ টাকা, আসবাবপত্র ১০,০০০ টাকা, তৈজসপত্র ৩,০০০ টাকা ও গৃহ নির্মাণ ঋণ ২,০০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদানসমূহ ছিল নিম্নরূপ :

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| বেতন প্রাপ্তি | ৬২,৪০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১২,০০০ |
| রেডিও ও টেলিভিশন থেকে আয় | ৬,০০০ | মুদির বিল প্রদান | ৪,৬২০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ৩২৫ | পৌর কর | ৮০০ |
| | | গৃহনির্মাণ ঋণ পরিশোধ | ১০,০০০ |
| | | গৃহনির্মাণ ঋণের সুদ | ১০,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ১০,৫০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৭,৫০০ |
| | | পানি ও বিদ্যুৎ | ৪,২৩০ |
| | | আপ্যায়ন খরচ | ৯৫০ |
| | | মনিহারী ও প্রসাধনী | ১,১৫০ |
| | | খবরের কাগজের বিল | ১,০৩০ |
| | | যাতায়াত ও অন্যান্য খরচ | ১,৬৩০ |
| | | ব্যাংক জমা | ৩,০০০ |
| | | হাতে নগদ | ১,৩১৫ |
| | ৬৮,৭২৫ | | ৬৮,৭২৫ |

**ক.** প্রারম্ভিক তহবিলের পরিমাণ নির্ণয় করুণ।

**খ.** উক্ত বছরে জনাব সাকিবের আয়-ব্যয় বিবরণীর প্রস্তুত করুণ।

**গ.** উক্ত তারিখে জনাব সাকিবের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুণ।

**সমাধান**

জনাব সাকিবের পরিবারের
আয়-ব্যয় হিসাব
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

| ব্যয়সমূহ | টাকা | আয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| খাদ্য সামগ্রী ক্রয় | ১২,০০০ | বেতন প্রাপ্তি | ৬২,৪০০ |
| মুদির বিল প্রদান | ৪,৬২০ | রেডিও টেলিভিশন থেকে আয় | ৬,০০০ |
| পৌর কর | ৮০০ | পুরাতন খবরের কাগজ বিক্রয় | ৩২৫ |
| গৃহ নির্মাণ ঋণের সুদ | ১০,০০০ | | |
| পানি ও বিদ্যুৎ | ৪,২৩০ | | |
| আপ্যায়ন খরচ | ৯৫০ | | |
| মনিহারী ও প্রসাধনী | ১,১৫০ | | |
| খবরের কাগজের বিল | ১,০৩০ | | |
| যাতায়াত ও অন্যান্য খরচ | ১,৬৩০ | | |
| আয়ের উদ্বৃত্ত (পরিবারের মূলধন হিসাবে নেয়া হল) | ৩২,৩১৫ | | |
| | ৬৮,৭২৫ | | ৬৮,৭২৫ |

জনাব সাকিবের
আর্থিক অবস্থার বিবরণী

২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| দায়সমূহ | | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|---|
| পারিবারিক তহবিল | ১,১৩,০০০ | | ফ্ল্যাট বাড়ি | ৩,০০,০০০ |
| যোগঃ আয়ের উদ্বৃত্ত | ৩২,৩১৫ | | আসবাবপত্র | ১০,০০০ |
| | | ১,৪৫,৩১৫ | তৈজস পত্র | ৩,০০০ |
| গৃহনির্মাণ ঋণ | ২,০০,০০০ | | টেলিভিশন ক্রয় | ১০,৫০০ |
| বাদঃ গৃহনির্মাণ ঋণ পরিশোধ | ১০,০০০ | | ফ্রিজ ক্রয় | ৭,৫০০ |
| | | ১,৯০,০০০ | ব্যাংকে জমা | ৩,০০০ |
| | | | হাতে নগদ | ১,৩১৫ |
| | | ৩,৩৫,৩১৫ | | ৩,৩৫,৩১৫ |

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ৩২,৩১৫ টাকা ও উদ্বৃত্তপত্রের যোগফল = ৩,৩৫,৩১৫ টাকা, প্রারম্ভিক তহবিল ১,১৩,০০০ টাকা।

**টীকা :**

১. ঋণ পরিশোধকে মূলধনী খরচ ধরে উদ্বৃত্তপত্রের দায়ের দিকে ঋণ থেকে বাদ দিয়ে দেখানো হয়েছে।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | পারিবারিক আর্থিক বিরবণীর প্রস্তুত প্রনালী বর্ণনা করুণ। |

## সারসংক্ষেপ:

- প্রাপ্তি ও প্রদান হিসাব নগদান হিসাবের মতই তৈরি করা হয়।
- আর্থিক অবস্থার বিবরণীর মাধ্যমে পরিবারের সম্পদ, দায় ও পারিবারিক তহবিল সম্পর্কে জানা যায়।

## পাঠোত্তর মূল্যায়ন-১৩.৪

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

**১. কোন নীতির আলোকে আয়-ব্যয়কে মূলধন ও মুনাফা জাতীয় শ্রেণিতে বিভক্ত করা হয়?**

ক. চলমান প্রতিষ্ঠান নীতি
খ. ব্যবসায়িক সত্ত্বা নীতি
গ. দ্বৈত-সত্ত্বার নীতি
ঘ. রক্ষণশীলতা নীতি

**২. আর্থিক অবস্থার বিবরণীতে দায় হিসেবে দেখানো হয়–**

ক. পারিবারিক তহবিল
খ. আয় উদ্বৃত্ত
গ. ঘাটতি তহবিল
ঘ. পারিবারিক আয়

**৩. পারিবারিক আয়-ব্যয় ভাগ করা হয়**

ক. দুই শ্রেণিতে
খ. তিন শ্রেণিতে

গ. চার শ্রেণিতে
ঘ. পাঁচ শ্রেণিতে

**৪. পরিবারের দৈনন্দিন বাজার খরচ**

ক. মূলধন জাতীয় ব্যয়
খ. মুনাফা জাতীয় ব্যয়
গ. মোট ব্যয়
ঘ. নীট ব্যয়

**৫. পারিবারিক উৎসব সংক্রান্ত ব্যয় হিসাবের ধাপ কয়টি?**

ক. দুইটি
খ. তিনটি
গ. চারটি
ঘ. পাঁচটি

**৬. পারিবারিক আর্থিক অবস্থার বিবরণীতে ধাপ কয়টি?**

ক. দুইটি
খ. একটি
গ. চারটি
ঘ. ছয়টি

**৭. চিকিৎসা ব্যয় একটি**

ক. প্রতিষ্ঠানিক ব্যয়
খ. পারিবারিক ব্যয়
গ. সব ধরনের ব্যয়
ঘ. কোনটিই নয়

**৮. সম্পত্তি ও দায়ের বিবরণী কোনটি?**

ক. রেওয়ামিল
খ. চূড়ান্ত হিসাব
গ. আর্থিক অবস্থার বিবরণী
ঘ. সবকটি

# পাঠ-১৩.৫ আত্ম কর্মসংস্থানমূলক উদ্যোগ

## উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- আত্মকর্মসংস্থান সম্পর্কে বলতে পারবেন।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের নীট মুনাফা নির্ণয় করতে পারবেন।

## আত্ম কর্মসংস্থানমূলক উদ্যোগ

যে কোন ব্যক্তি তার পরিবার, সমাজ, রাষ্ট্রের উন্নয়নের জন্য স্ব–উদ্যোগে ছোট পরিসরে আত্ম কর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণ করতে পারে। আমাদের দেশের প্রেক্ষাপটে কোন ব্যক্তি মৎস চাষ, গবাদিপশু পালন, হাঁস–মুরগীর খামার, মৌমাছি চাষ, তাঁত ও কুটির শিল্প ইত্যাদি প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারে। এই সমস্ত প্রকল্পের সফলতা নির্ভর করে উদ্যোক্তার মেধা, নির্ভুল হিসাব রক্ষণ এবং দক্ষ ব্যবস্থাপনার উপর।

প্রত্যেক উদ্যোক্তার লক্ষ্য হলো তার প্রকল্পের মাধ্যমে সমাজে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে মুনাফা অর্জন করা। একটি প্রকল্প লাভবান হতে হলে উদ্যোক্তার কতিপয় গুণাবলী প্রয়োজন। যেমন– উদ্যোক্তাকে মেধা ও দক্ষতার পাশাপাশি নির্ভুল হিসাবরক্ষণের ব্যবস্থা করতে হবে। কেননা প্রকল্পের সফলতার হাতিয়ার হলো এগুলোই। নিম্নে কয়েকটি পারিবারিক আত্ম কর্মসংস্থানমূলক প্রকল্পের আয় ও ব্যয়ের বিবরণ তুলে ধরা হলো :

**প্রকল্প–১ মৎস খামার**

প্রকল্প অর্থায়নের উৎস

| ব্যয়ের বিবরণ | টাকা |
|---|---|
| নিজস্ব মূলধন | ১,৫০,০০০ |
| ব্যাংক ঋণ ১৫% | ২,০০,০০০ |
| **মোট** | ৩,৫০,০০০ |

ক. মূলধন বিনিয়োগ

| ব্যয়ের বিবরণ | টাকা |
|---|---|
| বার্ষিক লিজ খরচ | ১,২০,০০০ |
| পুকুর সংস্কার | ৩০,০০০ |
| **বিনিয়োগকৃত মোট ব্যয়** | ১,৫০,০০০ |

খ. বাৎসরিক ভিত্তিতে এক একর আয়তনের পুকুরে তেলাপিয়া মাছ চাষ প্রকল্পের ব্যয়ের বিবরণ

| ব্যয়ের বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ১. আনুসঙ্গিক খরচ | | |
| রেটিনন – (৬ কেজি ৫০০ টাকা দরে) | ৩,০০০ | |
| চুন (১০০ কেজি ২৫ টাকা দরে) | ২,৫০০ | |

| ব্যয়ের বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পানি প্রবেশকরণ খরচ | ৪,০০০ | |
| | | ৯,৫০০ |
| ২. মাছের পোনা (২৫,০০০ টি, প্রতিটি ৬ টাকা দরে) | | ১,৫০,০০০ |
| ৩. সার প্রয়োগ | | |
| জৈব সার (১,৫০০ কেজি ২০ টাকা দরে) | ৩০,০০০ | |
| টি এস পি (১০০ কেজি ১২ টাকা দরে) | ১,২০০ | |
| ইউরিয়া (৯০ কেজি ১৫ টাকা দরে) | ১,৩৫০ | |
| ৪. মাছের খাদ্য | | ৩২,৫৫০ |
| সরিষার খৈল (৩০০ কেজি ২৫ টাকা দরে) | ৭,৫০০ | |
| প্রক্রিয়াজাত খাবার (৮০ কেজি ১০০ টাকা দরে) | ৮,০০০ | |
| | | ১৫,৫০০ |
| ৫. মজুরি (পাহারা, খাদ্য সরবরাহ, আগাছা দমন ও সার প্রয়োগ) | | ১৪,৪৫০ |
| ৬. মাছ সংগ্রহ খরচ | | |
| পানি নিষ্কাশন | ৩,০০০ | |
| জেলে | ২২,০০০ | |
| বিবিধ | ৮,০০০ | |
| | | ৩৩,০০০ |
| **মোট ব্যয়** | | ২,৫৫,০০০ |

**গ. আয় ও ব্যয়ের সংক্ষিপ্ত সার :**

| ব্যয়ের বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মোট আয়– মাছ বিক্রয় (৪০০০ কেজি, ১৫০ টাকা দরে) | | ৬,০০,০০০ |
| বাদ : বিনিয়োগকৃত মোট ব্যয় | ১,৫০,০০০ | |
| পরিচালন ব্যয় | ২,৫৫,০০০ | |
| ব্যাংক ঋণের সুদ | ৩০,০০০ | |
| $(২,০০,০০০ \times \frac{২৫}{১০০})$ | | ৪,৩৫,০০০ |
| নীট মুনাফা | | ১,৬৫,০০০ |

## প্রকল্প–২ দুগ্ধ খামার

**প্রকল্প আয়ের উৎস :**

| | টাকা |
|---|---|
| নিজস্ব মূলধন | ১,৫০,০০০ |
| ব্যাংক ঋণ (১৫%) | ২,০০,০০০ |
| **মোট** | ৩,৫০,০০০ |

**ক. মূলধন বিনিয়োগ :**

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রকল্পের বার্ষিক ইজারা ব্যয় | ১,৬০,০০০ |
| বাছুরসহ ২টি গাভীর ক্রয়মূল্য | ১,৪০,০০০ |
| **বিনিয়োগকৃত মোট ব্যয়** | ৩,০০,০০০ |

**খ. প্রতিপালন ব্যয়ের বিবরণ : (বাৎসরিক)**

| বিবরণ | টাকা |
|---|---|
| গাভী প্রতি দৈনিক ৫ কেজি দানাদার খাবার, প্রতি কেজি ২৫ টাকা (৫×২×৩৬৫×২৫) | ৯১,২৫০ |
| গাভী প্রতি দৈনিক ২০ টাকার খড় ও ঘাস (২০×২×৩৬৫) | ১৪,৬০০ |
| বাছুর প্রতি দৈনিক ১ কেজি দানাদার খাবার, প্রতি কেজি ২৫ টাকা (১×২×৩৬৫×২৫) | ১৮,২০০ |
| বাছুর প্রতি দৈনিক ১০ টাকার খড় ও ঘাস (১০×২×৩৬৫) | ৭,৩০০ |
| ঔষধ ও আনুসঙ্গিক খরচ | ৮,০০০ |
| **বার্ষিক মোট ব্যয়** | ১,৩৯,৩৫০ |

**গ. খামারের উৎপাদন ও আয় : (বাৎসরিক)**

| বিবরণ | টাকা |
|---|---|
| গাভী প্রতি দৈনিক ১০ লিটার দুধ ৬০ টাকা দরে (১০×২×৩৬৫×৬০) | ৪,৩৮,০০০ |
| গোবর থেকে আয় | ২০,০০০ |
| বছর শেষে বাছুরসহ গাভী বিক্রয় থেকে আয় (প্রতিটি ৮৫,০০০×২) | ১,৭০,০০০ |
| **বার্ষিক মোট আয়** | **৬,২৮,০০০** |

**ঘ. আয় ও ব্যয়ের সংক্ষিপ্ত সার :**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মোট আয় | | ৬,২৮,০০০ |
| বাদঃ বিনিয়োগকৃত মোট ব্যয় | ৩,০০,০০০ | |
| প্রতিপালন ব্যয় | ১,৩৯,৩৫০ | |
| ব্যাংক ঋণের সুদ (২,০০,০০০×১৫%) | ৩০,০০০ | |
| | | ৪,৬৯,৩৫০ |
| **নীট মুনাফা** | | **১,৫৮,৬৫০** |

## প্রকল্প–৩ হাঁস–মুরগির খামার

**প্রকল্প আয়ের উৎস :**

| বিবরণ | টাকা |
|---|---|
| নিজস্ব মূলধন | ২,০০,০০০ |
| ব্যাংক ঋণ (৫%) | ৬,০০,০০০ |
| **মোট** | ৮,০০,০০০ |

**ক. মূলধন বিনিয়োগ :**

| বিবরণ | টাকা |
|---|---|
| পুকুর লিজ | ১,০০,০০০ |
| পুকুর সংস্কার | ২০,০০০ |
| মুরগির ঘরের মূল্য | ১,৫০,০০০ |
| হাঁসের ঘরের মূল্য | ১,৫০,০০০ |
| মজুরি | ৪০,০০০ |
| **বিনিয়োগকৃত মোট ব্যয়** | ৪,৬০,০০০ |

**খ. হাঁস–মুরগীর যৌথ চাষ প্রকল্পের বার্ষিক ব্যয়ের বিবরণ :**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **হাঁসের খরচ :** | | |
| ৬ মাস বয়সের ২০০টি হাঁস, প্রতিটি ৮০ টাকা দরে | ১৬,০০০ | |
| হাঁসের খাদ্য দৈনিক ৩০ কেজি, ২৫ টাকা দরে (৩০×২৫×৩৬৫) | ২,৭৩,৭৫০ | |
| হাঁসের ঔষধ ও আনুসঙ্গিক খরচ | ২০,০০০ | |
| | | ৩,০৯,৭৫০ |
| **মুরগীর খরচ :** | | |
| মুরগীর বাচ্চা (১ দিন বয়সের ৩০০ মুরগী, ৭০ টাকা দরে) | ২১,০০০ | |
| মুরগির খাদ্য (৫,০০০ কেজি ১৬ টাকা দরে) | ৮০,০০০ | |
| মুরগীর খাবারের পানির পাত্র মূল্য | ৪,০০০ | |
| ঔষধ | ৮,০০০ | |
| বিবিধ | ১০,০০০ | |
| | | ১,২৩,০০০ |
| **মোট ব্যয়** | | **৪,৩২,৭৫০** |

**গ. হাঁস–মুরগীর যৌথ চাষ প্রকল্পের বার্ষিক আয়ের বিবরণ :**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **হাঁস :** | | |
| ডিম বিক্রয়– প্রতি হাঁস বছরে গড়ে ১৮০টি, ৮ টাকা দরে (১৮০×৮×২০০) | ২,৮৮,০০০ | |
| হাঁস বিক্রয়– প্রতিটি ২০০ টাকা দরে (২০০×২০০) | ৪০,০০০ | |
| **মুরগী :** | | ৩,২৮,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ডিম বিক্রয়– প্রতি মুরগী বছরে গড়ে ২০০টি, ৭ টাকা দরে (২০০×৭×৩০০) | ৪,২০,০০০ | |
| মুরগী বিক্রয়– প্রতিটি ২০০ টাকা দরে (১৫০×২৫০) | ৩৭,৫০০ | |
| | | ৪,৫৭,৫০০ |
| বছর শেষে হাঁস ও মুরগীর ঘর বিক্রয় | | ২,০০,০০০ |
| **মোট আয়** | | **৯,৮৫,৫০০** |

**ঘ. আয় ও ব্যয়ের সংক্ষিপ্ত সার :**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মোট আয় | | ৯,৮৫,৫০০ |
| বাদ : বিনিয়োগকৃত মোট ব্যয় | ৪,৬০,০০০ | |
| প্রতিপালন ব্যয় | ৪,৩২,৭৫০ | |
| ব্যাংক ঋণের সুদ (৬,০০,০০০০×৫%) | ৩০,০০০ | |
| | | ৯,২২,৭৫০ |
| **নীট মুনাফা** | | ৬২,৭৫০ |

| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | আত্ম কর্মসংস্থানমূলক উদ্যোগ বর্ণনা করুণ। |
|---|---|

## সারসংক্ষেপ:

- ব্যক্তিগতভাবে কোন প্রকল্প গ্রহণ করলে তাকে আত্ম কর্মসংস্থানমূলক উদ্যোগ বলে।
- আত্ম কর্মসংস্থানমূলক প্রকল্পের সফলতা নির্ভর করে উদ্যোক্তার দক্ষতা, মেধা ও সঠিক ব্যবস্থপনার উপর।

## পাঠোত্তর মূল্যায়ন-১৩.৫

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

**১. আত্ম কর্মসংস্থানমূলক প্রকল্পের মাধ্যমে নিচের কোনটি সঠিক?**

ক. উদ্যোক্তার কর্মসংস্থান হয়　　খ. পরিবারের কর্মসংস্থান হয়

গ. সমাজের কর্মসংস্থান হয়　　ঘ. সবগুলোই

**২. আত্ম কর্মসংস্থানমূলক প্রকল্পের সফলতা নির্ভর করে**

ক. রাষ্ট্রের অবকাঠামোর উপর　　খ. উদ্যোক্তার দক্ষতার উপর

গ. পণ্যের বাজার মূল্যের উপর　　ঘ. উপরের সবগুলোই

## উত্তরমালা

**পাঠোত্তর মূল্যায়ন : ১৩.১ ঃ** ১. খ ২. ঘ ৩. খ ৪. ঘ ৫. খ ৬. খ।

**পাঠোত্তর মূল্যায়ন : ১৩.২ ঃ** ১. ঘ ২. ঘ ৩. খ ৪. খ।

**পাঠোত্তর মূল্যায়ন : ১৩.৩ ঃ** ১. গ ২. ঘ ৩. গ ৪. ঘ।

**পাঠোত্তর মূল্যায়ন : ১৩.৪ ঃ** ১. ক ২. ক ৩. ক ৪. খ ৫. খ ৬. ক ৭. খ ৮. গ।

**পাঠোত্তর মূল্যায়ন : ১৩.৫ ঃ** ১. ঘ ২. খ।

**রচনামূলক অনুশীলনী**

১. পারিবারিক হিসাব ব্যবস্থার সংজ্ঞা লিখুন। এর প্রয়োজনীয়তা আলোচনা করুণ।
২. হিসাব-নিকাশের বৈশিষ্ট্য আলোচনা করুণ।
৩. পারিবারিক আয় ও ব্যয়ের ধারণা আলোচনা করুণ।
৪. পারিবারিক আয় ও ব্যয়ের প্রকৃতি আলোচনা করুণ।
৫. পারিবারিক বাজেটের সংজ্ঞা লিখুন এর উদ্দেশ্য আলোচনা করুণ।
৬. পারিবারিক বাজেটের সুবিধা/প্রয়োজনীয়তা আলোচনা করুণ।
৭. পারিবারিক বাজেট তৈরির নিয়ম আলোচনা করুণ।
৮. নিম্নে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব শামীম এর প্রাপ্তি-প্রদান হিসাব তুলে ধরা হলো :

**জনাব শামীম এর**
**প্রাপ্তি-প্রদান হিসাব**

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন প্রাপ্তি | ৩৬,০০০ | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৫,৬০০ |
| ঘর ভাড়া | ২,২০০ | খাদ্যশস্য ক্রয় | ২,৯৭৫ |
| কৃষি আয় | ১,৫০০ | খবরের কাগজ | ৬০০ |
| মামার নিকট থেকে প্রাপ্ত শিক্ষাভাতা | ১,২০০ | তরিতরকারী | ১,৬২৫ |
| | | মাছ-মাংস ডিম ক্রয় | ২,৫৩০ |
| | | আপ্যায়ন | ১,৮৭৫ |
| | | যাতায়াত খরচ | ৬,০০০ |
| | | ডাইনিং টেবিল ক্রয় | ৬,৮০০ |
| | | আলমারি ক্রয় | ২,৩২৫ |
| | | তৈল, ডাল ক্রয় | ১,৭০০ |
| | | কাপড় চোপড় ক্রয় | ১,৮৭০ |
| | | বই ও স্কুল ফিস | ১,৫০০ |
| | | ঔষধ ও ডাক্তারের ফিস | ৭৮০ |
| | | বিদ্যুৎ ও জ্বালানী খরচ | ১,৬০০ |

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| | | দুধ ক্রয় | ৫০০ |
| | | বিবিধ খরচ | ১,১০০ |
| | | উদ্বৃত্ত | ১,৫২০ |
| | ৪০,৯০০ | | ৪০,৯০০ |

**ক.** প্রারম্ভিক তহবিল কী?

**খ.** উক্ত বছরে জনাব শামীম এর আয়-ব্যয় বিবরণীর প্রস্তুত করুণ।

**গ.** উক্ত তারিখে জনাব শামীম এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুণ।

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ১৬,২৪৫ টাকা, আর্থিক অবস্থার বিবরণীর যোগফল-১৬,২৪৫ টাকা।

**৯. নিম্নে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব সজীব এর প্রাপ্তি-প্রদান হিসাব তুলে ধরা হলো :**

**জনাব সজীব এর**

**প্রাপ্তি-প্রদান হিসাব**

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন প্রাপ্তি | ৭২,০০০ | খাদ্য সামগ্রি ক্রয় | ১,৫০০ |
| রেডিও থেকে আয় | ১০,০০০ | বাড়ি ভাড়া | ১,৮০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ৫০০ | বিদ্যুৎ বিল | ১,৫০০ |
| | | মুদি ও মনিহারী | ৪,৬০০ |
| | | পৌর কর | ৮০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৭,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ২০,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ১,০০০ |
| | | খবরের কাগজ বিল | ১,৪০০ |
| | | যাতায়াত ও অন্যান্য খরচ | ১০,০০০ |
| | | ব্যাংক জমা | ১৫,০০০ |
| | | চিকিৎসা খরচ | ১,০০০ |
| | | শিক্ষা খরচ | ১,০০০ |
| | | গহনা ক্রয় | ৩,৭০০ |
| | | হাতে নগদ | ১২,২০০ |
| | ৮২,৫০০ | | ৮২,৫০০ |

**ক.** প্রারম্ভিক তহবিল কী?

**খ.** উক্ত বছরে জনাব শামীম এর আয়-ব্যয় বিবরণীর প্রস্তুত করুণ।

**গ.** উক্ত তারিখে জনাব শামীম এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুণ।

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ৩৬,২০০ টাকা, উদ্বৃত্তপত্রের যোগফল ৩৬,২০০ টাকা।

**১০. জনাব অলি সাহেব ৪,০০০ টাকা মাসিক বেতনে চাকরি করেন। নৈশ বিভাগে মাসিক ১,০০০ টাকা ভাতা পান। ৩১ ডিসেম্বর ২০১০ সালে সমাপ্ত বছরে তার পরিবারের নিম্নলিখিত খরচগুলো হয়েছিল।**

| | | | |
|---|---|---|---|
| বাড়ি ভাড়া | ১৮,০০০ টাকা | মুদি ও মনিহারি | ২,১০০ টাকা |
| বিদ্যুৎ বিল | ১,২৫০ টাকা | বই ও খাতা | ১,২০০ টাকা |
| খাদ্যশস্য ক্রয় | ৬,০০০ টাকা | চিকিৎসা বাবদ | ৯৬০ টাকা |
| দৈনন্দিন বাজার | ৯,০০০ টাকা | গহনা ক্রয় | ৩,৭০০ টাকা |
| আসবাবপত্র ক্রয় | ২,৫০০ টাকা | টেলিভিশন ক্রয় | ৬,৫০০ টাকা |
| ডিপোজিট পেনশন স্কিম | ৬,০০০ টাকা | কাপড় চোপড় | ১,৭০০ টাকা |

**ক.** প্রারম্ভিক তহবিল কী?

**খ.** উক্ত বছরে জনাব অলি সাহেবের আয়-ব্যয় বিবরণীর প্রস্তুত করুণ।

**গ.** উক্ত তারিখে জনাব অলি সাহেবের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুণ।

**টীকা :** নগদ ক্রয়, আসবাবপত্র, টেলিভিশন এবং ডিপোজিট পেনশন স্কীম ইত্যাদি মূলধন জাতীয় খরচ।